AME (ICT RTHD)
14/11/2018.

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০৩২.০১৪.২৪.১৬-৬২৩

তারিখঃ ১১-১১-২০১৮

বিষয়ঃ "গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (বরিশাল জোন)" শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত।

গত ০৫ নভেম্বর ২০১৮ তারিখে "গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (বরিশাল জোন)" শীর্ষক প্রকল্পের উপর প্রকল্প স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হল।

সংযুক্তি: বর্ণনামতে।

(মোঃ সামীমুজ্জামান)
উপপ্রধান
ফোন-৯৫১৪২৬৬

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। সিনিয়র সচিব, পরিকল্পনা বিভাগ, শের-ই-বাংলা নগর, ঢাকা [দৃ: আ: যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ]
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সচিব, আইএমইডি, শের-ই-বাংলা নগর, ঢাকা
৪। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা
৫। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পন কমিশন, শের-ই-বাংলা, নগর, ঢাকা
৬। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৭। অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৮। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ শাখা, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
৯। যুগ্মপ্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০। উপপ্রধান (পরিকল্পনা ও কার্যক্রম), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১। প্রকল্প পরিচালক ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, বরিশাল জোন, বরিশাল

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরনীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৪। যুগ্মপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫। উপপ্রধান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৬-৭। অফিস কপি/মাস্টার কপি

www.rthd.gov.bd || date: 2018-11-14

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

বিষয়ঃ "গুরুত্বপূর্ণ আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণ (বরিশাল জোন)" শীর্ষক প্রকল্পের উপর অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটি'র (পিএসসি) সভার কার্যবিবরণী।

সভাপতি	:	মোঃ নজরুল ইসলাম সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তারিখ	:	০৫ নভেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ
সময়	:	বিকাল ০৪:০০ ঘটিকা
সভার উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

২. উপস্থাপনাঃ

২.১ সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান বলেন যে, বরিশাল জোনের ১৩০.১২ কিলোমিটার আঞ্চলিক মহাসড়ক যথাযথ মান ও প্রশস্ততায় উন্নীতকরণের নিমিত্ত প্রকল্পটি ৫২১.৩৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৭ হতে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন। সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত প্রকল্পের আর্থিক ক্রমপুঞ্জিত অগ্রগতি ১৪.৭০%। চলতি অর্থবছরে প্রকল্পের অনুকূলে ১৭৫.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এর মধ্যে ৮৭.৫০ কোটি টাকা ছাড় করা হয়েছে। ছাড়কৃত অর্থের মধ্যে সেপ্টেম্বর ২০১৮ পর্যন্ত ১৬.৬৪ কোটি টাকা ব্যয় হয়েছে। প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি, বাস্তবায়নের সমস্যা এবং এ সমাধানের উপায় নিয়ে অদ্যকার সভা আহবান করা হয়েছে।

৩. আলোচনাঃ

৩.১ ক্রমপুঞ্জিত এবং চলতি অর্থবছরের এডিপি'র বাস্তবায়ন অগ্রগতি কম হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। বাস্তবায়ন কাজ দ্রুত এগিয়ে নেয়ার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩.২ প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, ঠিকাদার প্রতিষ্ঠান কর্তৃক মামলা করার কারণে খেপুপাড়া-কুয়াকাটা মহাসড়কে পাখিমারা থেকে শেখ রাসেল ব্রীজ পর্যন্ত ১০ কিলোমিটার সড়কের নির্মাণ কাজ বন্ধ রয়েছে। তাই এ ১০ কিলোমিটার সড়কে চলাচলে অনুপযোগী হয়ে পরছে। বিষয়টি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৩.৩ আমতলী শহর থেকে বরগুনা-কাকচিড়া সড়কটি দৈর্ঘ্য ২০.৬৫ কিলোমিটার। এ সড়কটির মধ্যে ৬.৯৫ কিলোমিটার পানি উন্নয়ন বোর্ডের বেড়ী বাঁধ রয়েছে। বেড়ী বাঁধ অংশে অর্থাৎ Existing সড়কাংশ সওজ কর্তৃক নির্মাণের জন্য পানি উন্নয়ন বোর্ডের এনওসি চাওয়া হয়েছে। কিন্তু অদ্যাবধি এনওসি পাওয়া যায়নি। সভায় উপস্থিত পানি উন্নয়ন বোর্ডের প্রধান প্রকৌশলী বলেন যে, উক্ত ৬.৯৫ কিলোমিটার বেড়ী বাঁধে পেভমেন্ট প্রশস্ততা ৩.৭ মিটার এবং এ অংশে ১৩টি স্লুইচ গেইট রয়েছে, যার প্রশস্ততা ৬.০ মিটার। পানি উন্নয়ন বোর্ডের বেড়ী বাঁধ অংশে ৭০০ মিটার নিচু রয়েছে। তিনি আরো বলেন যে, এ সড়কে যানবাহন চলাচল স্বাভাবিক রাখার জন্য স্লুইচ গেট গুলো নতুনভাবে নির্মাণ, সড়কের প্রশস্ততা বৃদ্ধিকরণ এবং নিচু ৭০০ মিটার সড়ককে উচু করা প্রয়োজন। ১৩টি স্লুইচগেট নতুনভাবে নির্মাণ করতে কি পরিমাণ ব্যয়ের প্রয়োজন তা সভাপতি জানতে চাইলে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, এ খাতে প্রায় ২০ কোটি টাকার প্রয়োজন হবে। এ স্লুইচ গেটগুলো পানি উন্নয়ন বোর্ড কর্তৃক নির্মাণের জন্য সভাপতি মহোদয় পানি উন্নয়ন বোর্ডের প্রধান প্রকৌশলী'র দৃষ্টি আকর্ষণ করলে তিনি বলেন যে, আথিক সীমাবদ্ধতার কারণে এ পর্যায়ে পানি উন্নয়ন বোর্ডের পক্ষে নতুন করে ১৩টি স্লুইচ গেট নির্মাণ করা সম্ভব নয়। বিদ্যমান স্লুইচ গেটগুলো রেখে শুধুমাত্র পানি উন্নয়ন বোর্ডের আওতায় ৬.৯৫ কিলোমিটার সড়ক নির্মাণের জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন। সেক্ষেত্রে নিচু ৭০০ মিটার সড়ক উচুকরণ এবং স্লুইচ গেটের প্রশস্ততার সাথে সামঞ্জস্য রেখে সড়কের প্রশস্ততা নির্ধারণ করার জন্য এবং সে অনুযায়ী ডিজাইন ও প্রাক্কলন সংশোধন করার জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

www.rthd.gov.bd // date: 2018-11-14

৩.৪ বরিশাল-ঝালকাটি-ভান্ডারিয়া-পিরোজপুর সড়কের মধ্যে ৮.৬০৮ কিলোমিটার সড়কে পেভমেন্টের কাজ ডিপিপি'তে অন্তর্ভুক্ত নেই। ভারী যানবাহন চলাচল ও বৃষ্টিপাতের কারণে বর্ণিত ৮.৬০৮ কিলোমিটার সড়কে অসংখ্য পটহোলস, ডিপ্রেশন, আন্ডুলেশন সৃষ্টি হয়ে পেভমেন্টের বেইজ পর্যন্ত মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে। এজন্য উক্ত ৮.৬০৮ কিলোমিটার সড়কের দুইপাশ যথাযথ পরিমাপে প্রশস্তকরণ ও মূল পেভমেন্টর সাথে লেভেল সমন্বয় করার জন্য ১২০ মি. মি. বেইজ টাইপ-১ দ্বারা মজবুতিকরণ কাজ অন্তর্ভুক্ত করে কাজটি সম্পন্ন করার প্রয়োজনীয়তার বিষয়ে প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন। এছাড়া এ মহাসড়কটির গুরুত্ব বিবেচনায় যথাযথ পরিমানে প্রশস্থকরণের বিষয়েও সভায় উল্লেখ করা হয়। বিষয়টি এ বিভাগের যুগ্মপ্রধান এবং ঝালকাঠি ও পিরোজপুর জেলার মনিটরিং টীম প্রধান জনাব মো: সেলিম, উপপ্রধান (সওজ জিওবি) কর্তৃক সরেজমিনে পরিদর্শন করে করণীয় সম্পর্কে সুপারিশ প্রদানের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

৪. সিদ্ধান্ত:

৪.১ প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি ত্বরান্বিত করতে হবে;

৪.২ মামলাজনিত কারণে খেপুপাড়া-কুয়াকাটা মহাসড়কে পাখিমারা থেকে শেখ রাসেল ব্রীজ পর্যন্ত ১০ কিলোমিটার সড়কের নির্মাণ কাজ বন্ধ রয়েছে, তা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে;

৪.৩ পানি উন্নয়ন বোর্ডের আওতায় ৬.৯৫ কিলোমিটার সড়কে বিদ্যমান স্লুইচ গেটগুলো এর প্রশস্ততার সাথে সামঞ্জস্য রেখে সড়ক নির্মাণ করতে হবে;

৪.৪ ৬.৯৫ কিলোমিটার সড়কে মধ্যে ৭০০ মিটার নিচু সড়ক উচুকরণের সংস্থান রাখতে হবে;

৪.৫ বরিশাল-ঝালকাটি-ভান্ডারিয়া-পিরোজপুর সড়কের মধ্যে ৮.৬০৮ কিলোমিটার সড়কের দুইপাশ যথাযথ প্রশস্তকরণ ও মূল পেভমেন্টর সাথে লেভেল সমন্বয় করার জন্য ১২০ মি. মি. বেইজ টাইপ-১ দ্বারা মজবুতিকরণ কাজ অন্তর্ভুক্ত করে কাজটি সম্পন্ন করার জন্য এবং সড়কটি যথাযথ প্রশস্ততায় নির্মাণের বিষয়ে এ বিভাগের যুগ্মপ্রধান ও ঝালকাঠি ও পিরোজপুর জেলার মনিটরিং টীম প্রধান জনাব মো: সেলিম, উপপ্রধান (সওজ জিওবি) কর্তৃক সরেজমিনে পরিদর্শন করে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে।

৪.৭ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি ত্বরান্বিত করার জন্য সংশোধিত ডিপিপি অনুমোদনের জন্য মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

৫। অতঃপর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নজরুল ইসলাম)
সচিব
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

www.rthd.gov.bd || date: 2018-11-14